

যুক্তরাজ্য রোহিঙ্গাদের জন্য আরও ৩ কোটি পাউন্ড আর্থিক সহায়তা দিবে রোহিঙ্গাদের ফেরত প্রলম্বিত হলে ভাষানত্বরে স্থানান্তর-মায়ী চৌধুরী

ঢাকা, ২৮ সেপ্টেম্বর ২০১৭

যুক্তরাজ্য রোহিঙ্গাদের জন্য আরও ৩ কোটি পাউন্ড আর্থিক সহায়তা দিবে। এর পূর্বে দেশটি রোহিঙ্গাদের জন্য ৫৯ লক্ষ পাউন্ড আর্থিক সহায়তা দিয়েছিল।

আজ সচিবালয়ের সম্মেলনক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসের চৌধুরীর সাথে মতবিনিময়কালে যুক্তরাজ্যের ২ জন প্রতিমন্ত্রীর নেতৃত্বে ৯ সদস্যের প্রতিনিধিদল সাক্ষাৎকালে এ তথ্য জানান। এরা হলেন যুক্তরাজ্যের পররাষ্ট্র ও কমনওয়েলথ বিষয়ক প্রতিমন্ত্রী মার্ক ফিল্ড, বৈদেশিক সাহায্য বিষয়ক ডিপার্টমেন্টের প্রতিমন্ত্রী এলিস্টার বার্ট, পররাষ্ট্র ও কমনওয়েলথ বিষয়ক দফতর এশিয়া দপ্তরের প্রধান জন ভার্গ, ঢাকাস্থ ব্রিটিশ ভারপ্রাপ্ত কমিশনার ডেভিড এশলে, রাজনৈতিক শাখার প্রধান পলা কোরাঙ্গ, ডিএফআইডি'র রোহিঙ্গা বিষয়ক টিম লিডার প্রমুখ। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামালসহ উর্ধতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।



মতবিনিময়কালে উভয়ে মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। বিশেষত এদের খাবার ও পানীয় জলের বিতরণ, ক্যাম্পের ভিতরের শৃংখলা, রেজিস্ট্রেশন, বাসস্থান ইত্যাদি নিয়ে তারা মতবিনিময় করেন। এতো বিশাল সংখ্যক মানুষকে আশ্রয় দেয়ায় প্রতিমন্ত্রীদ্বয় বাংলাদেশের ভূয়সী প্রশংসা করেন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বাংলাদেশের বন্যা ও সাইক্লোন সফলভাবে মোকাবিলার সক্ষমতা অর্জন করায় প্রতিনিধিদল বাংলাদেশের প্রশংসা করে বলেন বাংলাদেশ রোহিঙ্গা পরিস্থিতিও সফলভাবে মোকাবেলা করতে সক্ষম হবে।

এ সময় ত্রাণ মন্ত্রী বলেন নিতান্ত মানবিক কারণে বাংলাদেশ মায়ানমার সরকার ও সেনাবাহিনী দ্বারা নির্যাতিত পালিয়ে আসা নাগরিকদের আশ্রয় দিয়েছে। এখনো প্রতিদিন প্রচুর রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করছে। নির্যাতন অব্যাহত রেখে মায়ানমার রোহিঙ্গাদের দেশত্যাগে বাধ্য করছে বলে মন্ত্রী প্রতিনিধিদলকে অবহিত করেন। তিনি বলেন মায়ানমারকে এসব নাগরিকদের দ্রুত ফেরত নিতে হবে। ফেরত না যাওয়া পর্যন্ত এসব মানুষের থাকার অবকাঠামো, স্বাস্থ্য, সেনিটেশন, পানীয় জলের ব্যবস্থাসহ সার্বিক সহযোগিতার আশ্বাস দেন প্রতিনিধিদল।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদে বাংলাদেশের পক্ষে অবস্থান নেয়ায় মন্ত্রী যুক্তরাজ্যের পার্লামেন্ট ও সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ^র বিভিন্ন দেশের প্রতি চাপ অব্যাহত রাখতে মন্ত্রী তাদের আহবান জানান। বাংলাদেশের রোহিঙ্গা পরিস্থিতির সুষ্ঠু সমাধানে যুক্তরাজ্যের সার্বিক সহযোগিতার আশ্বাস দেন প্রতিনিধিদল।

এসময় প্রতিনিধিদল বিদেশী এনজিওদের ত্রাণ তৎপরতায় সহযোগিতার প্রক্রিয়া জানতে চান। পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মতি সাপেক্ষে তাদের ত্র্নত সহযোগিতার আশ্বাস দেন মন্ত্রী। এ সময় তারা ক্যাম্পের ভিতর রোহিঙ্গা শিশুদের আশ্রয়, খাদ্য ও চিকিৎসার বিষয়ে জানতে চান। বাংলাদেশ রোহিঙ্গা শিশুদের অগ্রাধিকার ভিত্তিতে খাবার বরাদ্দ, চিকিৎসা প্রদানের জন্য আলাদাভাবে তালিকাভুক্ত করছে বলে প্রতিনিধিদলকে অবহিত করা হয়। মায়ানমার থেকে রোহিঙ্গারা বিভিন্ন ধরনের রোগবালাই ও অপুষ্টি নিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। ক্যাম্প এলাকায় রোগ বিসম্বারের বিষয়ে বাংলাদেশ সতর্ক আছে এবং সকলকে প্রয়োজনীয় টিকা ও চিকিৎসা দেয়া হচ্ছে বলে মন্ত্রী উল্লেখ করেন।

রোহিঙ্গাদের প্রত্যাবর্তন প্রলম্বিত হলে তাদের ভাষানচরে স্থানান্তর করা হবে বলে মন্ত্রী মতবিনিময়কালে উল্লেখ করেন। ইতোমধ্যে ভাষানচর বাস উপযুগী করতে নৌবাহিনী কাজ করছে বলে সভায় জানানো হয়।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)

সিনিয়র তথ্য অফিসার

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

০১৯৪৩-৪৪৬৩২৩